দৈনিক ইনকিলাব

MAR. 13 1999




ইনকিলাব ঃ গতকাল মহাখালীস্থ জমিয়াতুল মোদারেছীন ও মসজিদে গাউসুল আজম কমপ্লেক্সে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের নেতৃবৃন্দ

# মাদ্রাসা শিক্ষা বন্ধ করা হবে না- প্রধানমন্ত্রীর এই ঘোষণা প্রতারণামূলক

## -মাদ্রাসা ছাত্র ফেডারেশন

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা শিক্ষা কোনদিন বন্ধ করা হবে না বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ঘোষণা দিয়েছেন তা সম্পূর্ণ মিথ্যা ও প্রতারণামূলক। মাদ্রাসা শিক্ষা নিয়ে ছিনিমিনি সহ্য করা হবে না। নেতৃবৃন্দ বলেন, বর্তমান ধর্মহীন সরকার হরকাতুল ইসলাম ও লাদেন বাহিনীর কল্পকাহিনী ছড়িয়ে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের হয়রানি করছে। মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত যে কোন মূল্যে প্রতিহত করা হবে। সাংবাদিক সম্মেলনে কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে মাদ্রাসা শিক্ষা উন্নয়নের দাবীতে শীঘ্রই প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও করে স্মারকলিপি প্রদান, গণসংযোগ ও ছাত্র-গণজমায়েত। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মুফতী মোঃ ইলিয়াস। এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মোঃ আব্দুস সবুর মাতব্বর, হাফেজ গোলাম মোস্তফা, মোঃ আব্দুর রহমান প্রমুখ।

নেতৃবৃন্দ মাদ্রাসা শিক্ষা উন্নয়নের স্বার্থে অবিলম্বে মাদ্রাসা শিক্ষা মন্ত্রণালয় ও মাদ্রাসা অধিদপ্তর গঠনের জোর দাবী জানান। নেতৃবৃন্দ বলেন, আলিম, ফাজিল মাদ্রাসা প্রধানদের সুপার বলার সার্কুলার প্রত্যাহার এবং প্রত্যেক গ্রামে ১টি করে এবতেদায়ী মাদ্রাসা প্রতিষ্ঠা করতে হবে। এক প্রশ্নের জবাবে বলা হয়, ইসলাম বিদ্বেষী সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করে ক্ষমতার মসনদে টিকে থাকতে পারবে না। নেতৃবৃন্দ ফাজিলকে ডিগ্রী এবং কামিলকে মাস্টার ডিগ্রীর সমতুল্যমান প্রদান করে সকল ক্ষেত্রে সমান সুযোগ দেয়ার দাবী জানান।